দৈনিক বাংলা

তারিখ 04 DEC 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

# ছাত্রদের মধ্যে মাদকাসক্তি বাড়ছে

বিশ্ববিদ্যালয় সংবাদাদাতা : রাজশাহী ৩ ডিসেম্বর।–রাজশাহী বিশ্ববিদ্যালয়ে নেশাগ্রস্ত ছাত্রদের সংখ্যা আশংকাজনকভাবে বৃদ্ধি পেয়েছে। বিশ্ববিদ্যালয়ের বিপুল সংখ্যক ছাত্র অবক্ষয়ের দিকে ধাবিত হচ্ছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় স্টেশন ও বিশ্ববিদ্যালয়ের আশপাশের বিনোদপুর, কাজলা, তালাইমারীর বেশ কিছু দোকানে পান–বিড়ি সিগারেট বিক্রির নামে ভারতীয় ফেনসিডিলসহ গাঁজা, তাড়ি, হেরোইন, আফিম, দেশী মদ ও নানান নেশা বস্তু অবাধে বিক্রি করছে। এছাড়া বিশ্ববিদ্যালয় স্টেশন সংলগ্ন মেহের চণ্ডীর জনৈক রহিমের বাড়িতে সন্ধ্যা হলেই এক শ্রেণীর ছাত্রসহ নেশাখোরদের আনাগোনা বাড়তে থাকে। এই বাড়িতে সন্ধ্যা হতে গভীর রাত পর্যন্ত চলে নেশার আসর। নেশার আসরের অধিকাংশই বিশ্ববিদ্যলয়ের ছাত্র এবং এলাকার যুবক সম্প্রদায়। এদের কেউ কেউ নেশা করে প্রকাশ্যে মাতলামী করে। আবার কেউ কেউ আবাসিক হলের নিজ রুমে বা ক্যাম্পাসের কোন স্থানে গিয়ে নেশা করে। রাতে বিভিন্ন স্থান থেকে টেনে আসা বিদ্যালয়ের ছাত্রীরা মাঝে মধ্যে এইসব নেশাখোর ছাত্রদের দ্বারা লাঞ্ছিত হয়।